৮৫

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং প্রকা/শানিব্যউবি-১(৩৯)/২০১৫-২০১৬/৬৭৩(১২৫০) তারিখ ঃ ২৩-১২-২০১৫

০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপ মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৩। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ জাতীয় বেতনস্কেল,২০১৫ অনুযায়ী পেনশনারদের পেনশন ও ভাতা
নির্ধারণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে তথ্য সন্নিবেশ ।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণ্যলয়,অর্থ বিভাগ বাজেট অনুবিভাগ-১ শাখা-৩ এর ১৫ ডিসেম্বর ২০১৫ ,৩১ অগ্রহায় ১৪২২ এর পত্র নং ০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)-৫২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো ( কপি সংযুক্ত) ।

০২। উল্লেখিত পত্রের সাথে সংযুক্ত অন-লাইনে পেনশন পুনঃনির্ধারণ নির্দেশিকা যথাযথ ভাবে পুরন করে জাতীয় বেতনস্কেল,২০১৫ অনুযায়ী পেনশনারদের পেনশন ও ভাতা নির্ধারণের যাবতীয় কাজ সম্পন্ন করার জন্য নিম্নোক্ত বিষয়াদী অনুসরন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো ।

(ক) Web আগামী সপ্তাহ থেকে Active হবে ।

(খ) পেনশনারকে তাঁর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি , পিপিও বই ও মোবাইল নম্বর ব্যাংকে জমা দিতে হবে।

(গ) মূল বেতন নতুন স্কেলে প্রদান করতে হবে ,ভাতাদি জুলাই/১৬ হতে কার্যকর হবে ।

(ঘ) পেনশন নির্ধারণের কাজ সম্পন্ন করার জন্য পেনশনার সনাক্তকরণ নম্বর পিপি ও বইতে লাল কালিতে লিপিবদ্ধ করতে হবে ।

(ঙ ) প্রথম বার সংশ্লিষ্ট Website Login করার পর Pasword পরিবর্তন করতে হবে ।

০৩। সংশ্লিষ্ট বিষয়ে যে কোন পরামর্শের জন্য নিম্নে বর্ণিত কর্মকর্তাগনের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো ।

(১) জনাব মোঃ মামুনর রশিদ ,সহকারী মহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেম বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা।মোবাইল নং ০১৫৫২৪০৩৭৬৭

(২) জনাব মোঃ ইয়াহিয়া,ভুঁইয়া,মুখ্য কর্মকর্তা,শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ,প্রকা,ঢাকা,মোবাইল নং০১৭১১৬৭৮৪৭৫

(৩) জনাব মোঃ জাকির হোসেন ভুইয়া, মুখ্য কর্মকর্তা,শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ,প্রকা,ঢাকা,মোবাইল নং০১৭১২০৪৭৫৭১

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ- বর্ননামতে।

(এ,আর,এম,আনিসউজজামান)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৯)/২০১৫-২০১৬/৬৭৩(১২৫০) তারিখঃ ২৩-১২-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ও অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক,স্টাফ কলেজ,মিরপুর ঢাকা ।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। উপ-মহাব্যবস্থাপক,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা।তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি,ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো ।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক ।
৮। সকল মুখ্য আঞ্চলিক /আঞ্চলিক ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান আলী সিরাজী)
সহকারী মহাব্যবস্থাপক

Uploaded
২৩/১২/১৫

PO Zakir/up Brity-M-2/123

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়


# জাতীয় বেতনস্কেল, ২০১৫
# অন-লাইনে পেনশন পুনঃনির্ধারণ নির্দেশিকা

শুধু সরকারি কাজে ব্যবহারের জন্য

সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা কর্মসূচি
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়


## হিসাবরক্ষণ অফিস/ব্যাংক এর করণীয়

পেনশনারের নিকট হতে তাঁর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও পিপিও বই পাওয়ার পর সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস এবং ব্যাংক জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অন-লাইনে পেনশন পুনঃনির্ধারণের কাজ সম্পন্ন করবেন। এ জন্য যে কোন ব্রাউজার ব্যবহার করে নির্ধারিত ওয়েব এড্রেসটি www.Payfixation.gov.bd/accounts) লিখুন। নিচের স্বাগতম স্ক্রিন পাবেন।




চিত্র-১: স্বাগতম স্ক্রিন


- **বন্ধ করুন:** সিস্টেম হতে বের হওয়ার জন্য 'বন্ধ করুন' বাটনে ক্লিক করুন।
- **পরবর্তী ধাপ:** সিস্টেমে প্রবেশ করার জন্য 'পরবর্তী ধাপ' বাটনে ক্লিক করুন। নিচের লগ-ইন স্ক্রিনটি প্রদর্শিত হবে।




চিত্র-২ : লগ-ইন স্ক্রিন

এই ওয়েবসাইটে প্রবেশ করতে হলে আপনার একটি **'অনুমোদিত লগ-ইন আইডি'** থাকতে হবে।

- এই স্ক্রিনে 'লগ-ইন আইডি', 'পাসওয়ার্ড' এবং 'ক্যাপচা' লিখে 'প্রবেশ করুন' বাটনটিতে ক্লিক করলে নিম্নে প্রদর্শিত হোম পেজ স্ক্রিন পাবেন।





চিত্র-৩ : হোম পেইজ স্ক্রিন

**হোম পেইজ এর মেনুসমূহের বিবরণ**

- **ডাটা এন্ট্রি:** এই অপসন হতে পেনশনারের তথ্যাদি এন্ট্রি করতে হবে।
- **তালিকা:** এই অপসন হতে যে সকল পেনশনারের তথ্য এন্ট্রি করা হয়েছে তার তালিকা দেখা যাবে।
- **ডাটা কারেকশন:** পেনশন পূণঃনির্ধারণ সম্পন্ন করার পর প্রয়োজনে এতদসংক্রান্ত কাজের জন্য ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই অপসন হতে এন্ট্রিকৃত তথ্য সংশোধন করতে পারবেন।
- **পাসওয়ার্ড পরিবর্তন:** আপনার জন্য নির্ধারিত পাসওয়ার্ডের নিরাপত্তা বিধানের স্বার্থে পাসওয়ার্ড পরিবর্তনের প্রয়োজন হলে তা' এই মেনু ব্যবহার করে পরিবর্তন করতে হবে।
- **লগ আউট:** কাজ শেষে অবশ্যই 'লগ আউট' বাটনে ক্লিক করে সিস্টেম হতে বের হতে হবে।

**ডাটা এন্ট্রি:** পেনশনারের তথ্য এন্ট্রি করার জন্য 'ডাটা এন্ট্রি' বাটনে ক্লিক করুন। নিচের 'ডাটা এন্ট্রি' স্ক্রিনটি দেখতে পাবেন।




চিত্র-৪ : ডাটা এন্ট্রি স্ক্রিন

০১. **পেনশন নির্ধারণে প্রয়োজনীয় তথ্যাদি** অংশে 'পেনশনভোগীর জাতীয় পরিচয়পত্র নম্বর' এবং 'জাতীয় পরিচয়পত্রের জন্ম তারিখ' লিখে 'পরবর্তী' বাটনে ক্লিক করুন।

০২. **সাধারণ তথ্য** অংশে বাংলা ও ইংরেজীতে পেনশনারের নাম, জন্ম তারিখ এবং স্থায়ী ঠিকানা স্বয়ংক্রিয়ভাবে স্ক্রিনে প্রদর্শিত হবে। তবে পিপিও বইয়ের জন্ম তারিখ জাতীয় পরিচয়পত্রের জন্ম তারিখ থেকে ভিন্ন হলে তা সংশোধনের জন্য ☐ চিহ্নিত ঘরে ক্লিক করে পিপিওতে উল্লিখিত জন্ম তারিখ লিখে সংশোধন করুন। লক্ষ্য রাখতে হবে জন্ম তারিখ এবং নামের অমিলের জন্য পেনশনার যেন হয়রানির শিকার না হয়।

**মোবাইল ফোন নম্বর:** পেনশন পূণঃনির্ধারণী বিবরণী চূড়ান্ত হওয়ার পর পেনশনারের মোবাইল ফোন নম্বরে এসএমএস (SMS) প্রেরণ করা হবে। কাজেই, পেনশনারের নিকট হতে মোবাইল নম্বর সংগ্রহ করুন এবং সাবধানতা অবলম্বন করে সঠিকভাবে মোবাইল ফোন নম্বরটি এখানে লিখুন। পেনশনারের নিজের মোবাইল না থাকলে কোন নিকট আত্মীয়ের নম্বর নিয়ে এখানে লিখুন। ।

০৩. **পিপিওর তথ্য** অংশে পিপিও নম্বর এবং পিপিও ইস্যু তারিখ লিখুন।

০৪. **সর্বশেষ কর্মরত অফিসের তথ্য** অংশে পেনশনভোগী সর্বশেষ যে মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তরে কর্মরত ছিলেন ড্রপডাউন ( ▾ ) তালিকা হতে তা' নির্বাচন করুন।

**০৫. ৩০/০৬/২০১৫ তারিখে প্রাপ্ত পেনশন সংক্রান্ত তথ্যাদি**


**ক) পেনশনের ধরণ:** এখানে ৪ ধরণের পেনশনের মধ্যে সংশ্লিষ্ট পেনশনভোগীর জন্য প্রযোজ্য ধরণটি নির্বাচন করুন।

**খ) গৃহীত মাসিক পেনশন:** ৩০/০৬/২০১৫ তারিখে পরিশোধিত মাসিক নিট পেনশনের (মহার্ঘ ভাতা বাদে) পরিমান লিখুন। ১০০% পেনশন সমর্পণকারীগণ, ১০০% পেনশন সমর্পণ না করলে যে পরিমান মাসিক নীট পেনশন প্রাপ্য হতেন তার পরিমান লিখুন।

**গ) গৃহীত মাসিক চিকিৎসা ভাতা:** বয়সের উপর ভিত্তি করে মাসিক চিকিৎসা ভাতার পরিমাণ স্বয়ংক্রিয়ভাবে ৭০০/১০০০ টাকা প্রদর্শিত হবে। তবে এর থেকে কম বা বেশী প্রদান করা হয়ে থাকলে ৩০/০৬/২০১৫ তারিখে পরিশোধিত মাসিক চিকিৎসা ভাতার পরিমাণ লিখুন।


**খসড়া দেখুন:** এন্ট্রিকৃত তথ্যাদি সঠিক আছে কিনা তা যাচাই করার জন্য "খসড়া দেখুন" বাটনটিতে ক্লিক করুন। এর ফলে নিচের স্ক্রিনের ন্যায় এন্ট্রিকৃত তথ্যাদির খসড়া দেখতে পাবেন। পূর্বের স্ক্রিণ এর সাথে এখানে

**০৬: ০১/০৭/২০১৫ তারিখে প্রাপ্য পেনশন সংক্রান্ত তথ্য** অংশটুকু যোগ হয়েছে।




চিত্র-৫ : খসড়া স্ক্রিন

এন্ট্রিকৃত তথ্যে কোন ভুল থাকলে তা সংশোধনের জন্য 'সংশোধন করুন' এবং ভুল না থাকলে 'চুড়ান্ত করুন' বাটনে ক্লিক করুন। এতে আপনি নিচের বার্তাটি পাবেন।




চিত্র-৬: পেনশন নির্ধারণ বার্তা


উক্ত বার্তায় প্রদর্শিত পেনশন সনাক্তকরণ নম্বরটি অবশ্যই ডি-হাফ/পিপিও বইতে লাল কালি দিয়ে লিখে রাখতে হবে। দেখার সুবিধার জন্য এতদসংক্রান্ত একটি রাবার স্ট্যাম্প (পেনশন সনাক্তকরণ নম্বর.....................................) বানিয়ে করে ডি-হাফ/পিপিও বইয়ের প্রথম পৃষ্ঠায় উক্ত স্ট্যাম্প মেরে এর উপর পেনশন সনাক্তকরণ নম্বরটি লিখে রাখুন।

উল্লেখ্য যে, 'দাখিল করুন' বাটনে ক্লিক করার সাথে সাথে সংশ্লিষ্ট পেনশনভোগীর মোবাইল ফোনে নিম্নে বর্ণিত একটি বার্তা (SMS) প্রেরণ করা হবে। পেনশনভোগীর দায়িত্ব হবে উক্ত বার্তা মোতাবেক পেনশন বইতে পেনশন সনাক্তকরণ নম্বরটি লিখা হয়েছে কিনা তা যাচাই করা।

"Your Monthly pension and medical fixed at Tk…………..& …………. on 01.07.2015. Pls. preserve your pension ID No………….. and check that it is written on your PPO book."

**তালিকা:**

ব্যাংক/হিসাবরক্ষণ অফিস হতে যে সকল পেনশনভোগীর পেনশন পূণঃনির্ধারণ সম্পন্ন করা হয়েছে তা' দেখার জন্য 'তালিকা' তে ক্লিক করুন। নিচের স্ক্রিনে এর তালিকা দেখা যাবে।





চিত্র-৭: তালিকা

কোন নির্দিষ্ট পেনশনভোগীর তথ্য দেখার জন্য উপরের অংশে সংশ্লিষ্ট পেনশন সনাক্তকরণ নম্বর অথবা জাতীয় পরিচয়পত্রের শেষ ৪টি ডিজিট লিখে 'খুজুন' বাটনে ক্লিক করুন। বিবরণীটি স্ক্রিনের তালিকায় প্রদর্শিত হবে। এর পর 'তথ্য দেখুন' বাটনে ক্লিক করলেই পেনশন পুণঃনির্ধারণী বিবরণীর বিস্তারিত স্ক্রিনে প্রদর্শিত হবে।

**ডাটা কারেকশন:**

পেনশন পুণঃনির্ধারণ চুড়ান্ত করার পর প্রদর্শিত তথ্যে কোন ভুল দেখানো হয়ে থাকলে এতদবিষয়ে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এই অপসন হতে এন্ট্রিকৃত তথ্য সংশোধন করতে পারবেন। এ জন্য 'ডাটা কারেকশন' অপশনে ক্লিক করলে নিচের স্ক্রিনটি দেখতে পাবেন।





চিত্র-৮: ডাটা কারেকশন স্ক্রিন

- **পেনশনভোগীর জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নম্বর:** এখানে পেনশনভোগীর জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নম্বর লিখুন এবং 'পরবর্তী' বাটনে ক্লিক করুন। পূর্বে এন্ট্রিকৃত সকল তথ্যসম্বলিত স্ক্রিন দেখা যাবে।
- প্রয়োজনীয় সংশোধনের পর 'সংশোধন করুন' বাটনে ক্লিক করলেই তথ্য সংশোধিত হবে।

**পাসওয়ার্ড পরিবর্তন**

প্রথমে সকল ইউজারকে প্রাথমিকভাবে একই পাসওয়ার্ড বরাদ্দ দেয়া হবে। এই জন্য আপনার কাজের নিরাপত্তা বিধানের স্বার্থে প্রথমেই আপনাকে এই পাসওয়ার্ডটি পরিবর্তন করতে হবে। এ জন্য 'পাসওয়ার্ড পরিবর্তন' মেনুতে ক্লিক করুন।




**চিত্র-১০: পাসওয়ার্ড পরিবর্তন স্ক্রিন**

- এখানে আপনার লগইন আইডি  নম্বর, বর্তমান পাসওয়ার্ড, নতুন পাসওয়ার্ড এবং পুনরায় নতুন পাসওয়ার্ডটি লিখে পরিবর্তন করুন বাটনে ক্লিক করুন। এতে আপনার পাসওয়ার্ড পরিবর্তন সম্পন্ন হবে।

০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ- ১, শাখা- ৩

নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫(অংশ)- ৫২৯

তারিখঃ ০১ অগ্রহায়ন ১৪২২ / ১৫ ডিসেম্বর ২০১৫

## পরিপত্র

বিষয়ঃ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পেনশনারদের পেনশন ও ভাতা নির্ধারণের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে অনলাইনে তথ্য সন্নিবেশ।

সকল সামরিক ও বেসামরিক পেনশনারকে তাঁর পেনশনের টাকা উত্তোলনের জন্য প্রতি মাসে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংকে যেতে হয়। এতে পেনশনারদের অনেক ভোগান্তি হয়। সরকার পেনশন ব্যবস্থাপনাকে অটোমেশনের আওতায় এনে ইএফটি'র (ইলেকট্রোনিক ফান্ড ট্রান্সফার) মাধ্যমে সরাসরি পেনশনারদের ব্যাংক একাউন্টে টাকা প্রেরণের পরিকল্পনা গ্রহণ করেছে। এ ব্যবস্থায় ব্যাংক একাউন্টে টাকা প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট পেনশনারকে এসএমএস (SMS)– এর মাধ্যমে তাৎক্ষণিকভাবে অবহিত করা হবে। ফলে, টাকা জমা হওয়ার বিষয়টি নিশ্চিত হয়ে পেনশনার সুবিধামত সময়ে তাঁর একাউন্ট হতে টাকা উত্তোলন করতে পারবেন। এতে পেনশনারদের ভোগান্তি বহুলাংশে লাঘব হবে। প্রতিমাসে নির্দিষ্ট তারিখে হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংক কাউন্টারে পেনশনারকে দীর্ঘসময় লাইনে দাড়িয়ে থাকতে হবে না।

২। পেনশনারদের উপরে বর্ণিত এ সুবিধা প্রদানের জন্য একটি পূর্ণাঙ্গ তথ্যভান্ডার প্রণয়ন করা আবশ্যক। এ লক্ষ্যে জাতীয় বেতনস্কেল, ২০১৫ –এর আদেশ জারির পর সকল সামরিক ও বেসামরিক পেনশনারকে তাঁর পেনশন নতুন করে অনলাইনে নির্ধারণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ জন্য-

(ক) পেনশনারকে তাঁর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও পিপিও বই সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংকে জমা দিতে হবে। (Mobile Number)

(খ) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংক পেনশনারের নিকট থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে www.payfixation.gov.bd/pension ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে পেনশন নির্ধারণের কাজ সম্পন্ন করবেন। পেনশন নির্ধারণের কাজ সম্পন্ন করার পর একটি auto-generated পেনশনার সনাক্তকরণ নম্বর পাওয়া যাবে যা সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস অথবা ব্যাংক কর্তৃক আবশ্যিকভাবে পেনশনারের পিপিও বই এবং ডি- হাফে লিখতে হবে। কোন পেনশনারের পিপিও বই এবং ডি- হাফে পেনশনার সনাক্তকরণ নম্বর উল্লেখ করা না থাকলে হিসাবরক্ষণ অফিস বা ব্যাংকের সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(গ) ভবিষ্যতে নতুন জাতীয় বেতন স্কেল অথবা অন্য কোন কারণে কোন অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর পেনশন নির্ধারণ বা পুন:নির্ধারণের প্রয়োজন হলে সেক্ষেত্রেও এ পরিপত্রে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে একই ওয়েবসাইট ব্যবহার করে অনলাইনে পেনশন নির্ধারণ বা পুন: নির্ধারণ করতে হবে।

৩। অবসরপ্রাপ্ত সামরিক ও বেসামরিক কর্মচারীর পেনশন প্রদানের সাথে সম্পৃক্ত সকল রাষ্ট্রায়াত্ত ব্যাংক এবং হিসাবরক্ষণ অফিসকে এ পরিপত্র অনুযায়ী পেনশন নির্ধারণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হলো এবং তা' চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ ২০১৫ জারীর তারিখ হতে কার্যকর হবে। এ বিষয়ে হিসাবরক্ষণ অফিস ও ব্যাংকসমূহের সুবিধার্থে একটি ব্যবহার নির্দেশিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

১৫/১২/১৫

(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
অতিরিক্ত সচিব (বাজেট ১)
ফোন: ৯৫১১০৫০